গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

**সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া**

**পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।**

কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদন জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি**

**তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ / ২৮ সেপ্টেম্বর ২০২৫**

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে ২০/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট- www.nu.ac.bd/admissions থেকে যথাযথ নিয়মে আবেদন ফরম ডাউনলোড করতে হবে। অত:পর সরকারি আজিজুল হক কলেজের ওয়েবসাইট www.ahcollege.gov.bd-তে প্রবেশ করে PAYMENT থেকে ADMISSION/FORMFILLUP/SESSION CHARGE -এ ক্লিক করে Preliminary Post Graduate (Private) নির্বাচন করে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে মনোনীত বিভাগ নির্বাচন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল দিয়ে VERIFY করলে ভর্তির আবেদন ফরম আসবে। **সেটি অনলাইনে পূরণ করে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর Cellfin গেটওয়ের মাধ্যমে ২,৪৭০/- (দুই হাজার চারশত সত্তর) টাকা মাত্র** পরিশোধ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম, টাকা পরিশোধের পেমেন্ট স্লিপ ও নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বিষয়ক সকল নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে জানা যাবে।

**ভর্তির তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি. হতে ২০/১০/২০২৫ খ্রি. পর্যন্ত**
**ভর্তি ফরম জমার সময়: প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০৩:০০টা পর্যন্ত স্ব স্ব বিভাগে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যাতীত)**

**আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর 'গ' এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**প্রাথমিক আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র:**

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন ফরমের মূলকপি এবং কলেজ ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের মূলকপি।
২। স্নাতক (পাস)/সমমান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।
৩। শিক্ষার্থীর নিজের, পিতা-মাতা/অভিভাবকের (পিতা-মাতার অবর্তমানে) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪। দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকার নামা।
৫। পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ২৪৭০/- (দুই হাজার চারশত সত্তর) টাকা পেমেন্টের স্লিপ।
(সকল কাগজপত্র সিরিয়াল অনুযায়ী সাজিয়ে পিনআপ করে জমা দিতে হবে)

২৮/০৯/২৫

প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মোঃ শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

F:\Admission file\2025\Masters Preliminary 2023 Private\Application of Admission Notice.doc

CamScanner